

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪৫২

কৈলাসহর, ০৩ জানুয়ারি, ২০২৪

**উনকোটি জেলার ভারত-বাংলাদেশ সীমান্তে  
জনসাধারণের চলাচলে বিধিনিষেধ আরোপ**

সীমান্ত এলাকায় আইন শৃঙ্খলা এবং শান্তি ও সুস্থিতি বজায় রাখতে উনকোটি জেলার জেলাশাসক এক আদেশে ২ জানুয়ারি থেকে আগামী ৩১ মার্চ পর্যন্ত উনকোটি জেলার ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে তিন কিলোমিটার এলাকা পর্যন্ত জনসাধারণের চলাচলে কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। সিআরপিসি'র ১৪৪ ধারায় এই বিধিনিষেধ সন্ধ্যা ৬টা থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত বলবৎ থাকবে। জেলাশাসক এই আদেশে জানিয়েছেন, উল্লেখিত এলাকায় এক জায়গায় পাঁচজনের বেশী ব্যক্তি সমবেত হতে পারবেন না। কোন ব্যক্তি তীর, ধনুক, লাঠি, ধারালো বাঁশ, সাইকেলের চেইন, লোহার রড, ছুরি, আগ্নেয়াস্ত্র, বিস্ফোরক ইত্যাদি বহন করতে পারবেন না। আইন শৃঙ্খলার কাজে নিযুক্ত পুলিশ, টিএসআর, বিএসএফ, আসাম রাইফেলস, জেলা প্রশাসন ও আইন প্রণয়নকারী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, এখনই চিকিৎসা প্রয়োজন এমন রোগী এবং জীবনদায়ী ঔষধ কেনার জন্য কোনো ব্যক্তির চলাচলের ক্ষেত্রে জেলাশাসকের জারি করা বিধিনিষেধে ছাড় রয়েছে। জেলাশাসক আদেশে জানিয়েছেন, আইন অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

\*\*\*\*\*